

শিক্ষা সফরে অনিয়ম, খবর চাপা রাখতে সাংবাদিককে হত্যার হুমকি শিক্ষকের

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ▶

খবর প্রকাশ না করার জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক ও দৈনিক সমকালের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি এস এম আল-আমিনকে হত্যার হুমকি দিয়েছেন শিক্ষক সমিতির এক নেতা।



বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ওই শিক্ষক মোজাহারুল আলম সেলিম গভ বৃহস্পতিবার রাতে ওই সাংবাদিককে ব্যক্তিগত মোবাইল ফোনে হুমকি দেন। জানা যায়, শিক্ষা সফরকে কেন্দ্র করে বৃহস্পতিবার মোজাহারুল আলম সেলিমের বিরুদ্ধে পরীক্ষার নথর কম দেওয়া ও হুমকির বিষয়ে চেয়ারম্যান বরাবর লিখিত অভিযোগ করেন ওই বিভাগের ২০০৮-০৯

শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা। আর লিখিত অভিযোগের অনুলিপি সাংবাদিক সমিতিতে দিয়ে যান বিভাগের কিছু শিক্ষার্থী। এই খবর প্রকাশ না করার জন্য মোজাহারুল আলম সেলিম বাংলা বিভাগের চতুর্থ ব্যাচের শিক্ষার্থী ও সাংবাদিক এস এম আল-আমিনকে রাত ৯টা ৫০ মিনিটে মোবাইল ফোনে মেহের ফেনার হুমকি দেন।

গত ২৭ মার্চ থেকে ১ এপ্রিল বিভাগের শিক্ষক সেলিম মোজাহারের উদ্ভাবনধানে ২০০৮-০৯ শিক্ষাবর্ষের (চতুর্থ ব্যাচ) শিক্ষার্থীদের শিক্ষা সফরের আয়োজন করা হয়। কিন্তু শিক্ষা সফরকে কেন্দ্র করে তিনি নানা অনিয়ম করেন। শিক্ষার্থীরা এর প্রতিবাদ করলে তাঁদের সঙ্গে দুর্ভাবহার করেছেন তিনি। নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষার্থী বলেন, 'সেলিম স্যার বিনা খরচে দুগ্জন বহিরাগত অন্য বিভাগের ছাত্রকে সফরে নিয়ে যান, যারা তার বাসায় থেকে ব্যক্তিগত কাজ করে। এতে আমরা প্রতিবাদ করলে উদ্দেশ্যে নানা ধরনের হুমকি দেন স্যার।'

শিক্ষার্থীদের অভিযোগ, শিক্ষা সফরের শুরুতেই সেলিম মোজাহার ছাত্র-ছাত্রীদের সফরে না গেলে নথর কমিয়ে দেওয়া ও দেখে নেওয়ার হুমকি দেন। তাঁর একনায়কসুলভ আচরণের কারণে বেশ কিছু শিক্ষার্থী শিক্ষা সফরে যেতে অনীহা প্রকাশ করেন। এর ফলে চতুর্থ ব্যাচের শিক্ষার্থীরা তাঁদের শিক্ষার্থীবন নিয়ে ভীত বলেও লিখিত অভিযোগে উল্লেখ করা হয়। এ ছাড়া পরীক্ষার ফলাফল যাতে নির্বিঘ্নে প্রকাশ করা হয়, এ ব্যাপারে উপাচার্য বরাবর অনুলিপিও দিয়েছেন শিক্ষার্থীরা।

প্রসঙ্গত, এর আগে একই বিভাগের মিত নামের এক ছাত্রীর সঙ্গে অশালীন আচরণের কারণে শিক্ষক মোজাহারুল আলম সেলিমের বিরুদ্ধে প্রস্তর বরাবর লিখিত অভিযোগ দিয়েছিলেন। তখন তিনি ওই ছাত্রীর কাছে তমা চেয়ে পার পেয়েছিলেন।

এ বিষয়ে শিক্ষক মোজাহারুল আলম সেলিমের ব্যক্তিগত মোবাইল ফোনে যোগাযোগ করা হলেও কথা বলা সম্ভব হয়নি। ভুক্তভোগী সাংবাদিক আল-আমিন বলেন, 'বিনা কারণে সেলিম স্যার আমাকে ফোন দিয়ে অকথা ভাষায় গালাগালি করে হত্যার হুমকি দিয়েছেন। ঘটনাটি আমি বাংলা বিভাগের চেয়ারম্যান হোসনে আরা জলি ও উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমানকে জানিয়েছি।'

এ প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বলেন, 'বিষয়টি আমি নৌদিকভাবে শুনেছি। লিখিত অভিযোগ পেলে সর্গঠিত শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।'